**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 30-03-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে লোকসভা নির্বাচনের প্রথম পর্বের জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজ'ই শেষ দিন।

২/ ভোট প্রচার ও রাজনৈতিক দলগুলির কার্যকলাপ নিয়ে সি-ভিজিল অ্যাপে জমা পড়া অভিযোগগুলির প্রায় ১০০ শতাংশ নিষ্পত্তি করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৩/ আসন্ন লোকসভা নির্বাচনে কংগ্রেস এবং ISF-এর সঙ্গে জোটের সম্ভাবনা খুলে রেখেই বামফ্রন্ট এরাজ্যের দু'টি লোকসভা আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে। # তৃণমূল কংগ্রেস বরাহনগর ও ভগবানগোলা বিধানসভার উপ নির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

৪/ নির্বাচন চলাকালীন'ও ধান সংগ্রহ ও গণবন্টন ব্যবস্থা সচল রাখতে বিশেষ উদ্যোগ নিয়েছে খাদ্য দপ্তর।

৫/ আই লীগ ফুটবলে গুরুত্বপূর্ণ ম্যাচে মহামেডান স্পোর্টিং আজ ইন্টার কাশীর মুখোমুখি হবে।

৬/ IPL ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স ৭ উইকেটে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে হারিয়ে দিয়েছে।

*****************************************************************

রাজ্যে লোকসভা নির্বাচনের প্রথম পর্বের জন্য প্রার্থীপদ প্রত্যাহারের আজ'ই শেষ দিন।

প্রথম দফার নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষার পর কোচবিহারে ৩ জনের প্রার্থীপদ বাতিল হয়েছে। এরা সকলেই নির্দল প্রার্থী। ১৭টি মনোনয়ন সেখানে জমা পড়েছিল।

জলপাইগুড়িতে বিভিন্ন দলের ১৩ জন মনোনয়ন জমা দিয়েছিলেন। এর মধ্যে একজনের প্রার্থীপদ বাতিল হয়ে গেছে বলে জেলাশাসক সামা পারভিন জানিয়েছেন। প্রার্থীপদ প্রত্যাহার করা যাবে ৩০-শে মার্চ পর্যন্ত।

এই দফায় ভোট নেওয়া হবে কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ১৯-শে এপ্রিল ।

উল্লেখ্য, জলপাইগুড়িতে মোট বুথের সংখ্যা ১ হাজার ৯০৪ । এর মধ্যে মহিলা পরিচালিত বুথ রয়েছে ১৩০ টি।

কোচবিহারে ২' হাজার ৪৩টি বুথ রয়েছে, যার মধ্যে ৭৪টি মহিলাদের দ্বারা পরিচালিত হবে। আলিপুরদুয়ারে মোট বুথ ১'হাজার ৮৬৭ ।

মহিলা পরিচালিত বুথের সংখ্যা- ২১২ ।

*******************

ভোট প্রচার ও রাজনৈতিক দলগুলির কার্যকলাপ নিয়ে নির্বাচন কমিশনের সি-ভিজিল অ্যাপে জমা পড়া অভিযোগের প্রায় একশ শতাংশ নিষ্পত্তি করা হয়েছে বলে কমিশন জানিয়েছে। লোকসভা ভোট ঘোষণার পর দেশজুড়ে সি-ভিজিল অ্যাপের মাধ্যমে সারা দেশে ৭৯ হাজার অভিযোগ জমা পড়েছে। যার মধ্যে ৮৯ শতাংশ অভিযোগ জমা পড়ার ১০০ মিনিটের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর। বেআইনি হোর্ডিং নিয়ে ৫৮ হাজারের বেশি অভিযোগ জমা পড়েছিল। ভোটারদের প্রভাবিত করতে উৎকোচ বা উপহার বিলি সংক্রান্ত ১ হাজার ৪০০ অভিযোগ জমা পড়ে। ভয় দেখানো এবং অস্ত্র প্রদর্শনের ৫৩৫ টি অভিযোগ জমা পড়ে। যার মধ্যে ৫২৯ টি অভিযোগের ইতিমধ্যেই নিষ্পত্তি হয়েছে।

সি ভিজিল অ্যাপএর মাধ্যমে আদর্শ নির্বাচন আচরণ বিধি লঙ্ঘনের উপরে অনেকটাই লাগাম টানা সম্ভব হয়েছে বলে কমিশন জানিয়েছে।

********************

কমিশন, তৃণমূল কংগ্রেসকে বহরম অপুরের প্রার্থী ইউসুফ পাঠানের সঙ্গে শচিন তেন্ডুলকারের বিশ্বকাপ জয়ের ছবি নির্বাচনের প্রচারে ব্যবহার না করার নির্দেশ দিয়েছে। ইতিমধ্যেই লাগানো হোর্ডিং গুলো খুলে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে।

********************

কেন্দ্রীয় সরকার ও বিজেপির বিরুদ্ধে আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস, নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। দলের সাংসদ ডেরেক ও'ব্রায়ানের নেতৃত্বে ৫ সদস্যের এক প্রতিনিধি দল গতকাল নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের সদর কার্যালয়ে গিয়ে দলের তরফে এ'সংক্রান্ত একটি চিঠি তুলে দেন। প্রতিনিধি দলের সদস্য রাজ্যের মন্ত্রী ডক্টর শশী পাঁজা বলেন, আদর্শ আচরণবিধির মধ্যেই কেন্দ্রীয় সরকারের নির্দেশে বিভিন্ন এজেন্সির তৎপরতা, নির্বাচনী প্রচারে বাধা সহ মোট তিনটি বিষয়ে অভিযোগ জানানো হয়েছে। আগামী সোমবার কমিশনের সঙ্গে এই বিষয়ে আলোচনা হবে বলে তিনি জানিয়েছেন।

( বাইট- শশী )

তৃণমূল কংগ্রেসের নির্বাচন কমিশনের দ্বারস্থ হওয়াকে কটাক্ষ করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, তৃণমূল কংগ্রেসের প্রার্থীর বিরুদ্ধে যে পদক্ষেপ করা হয়েছে তাঁর সঙ্গে নির্বাচনের কোন সম্পর্ক নেই। পশ্চিমবঙ্গে ক্ষমতাসীন সরকার বিভিন্নভাবে রাজ্যের মানুষের সঙ্গে প্রতারণা করেছে বলেও তিনি অভিযোগ করেন।

দলের মুখপাত্র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন-

( বাইট- শমীক)

********************

বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ তাঁর বিরুদ্ধে ওঠা নির্বাচনী আচরণ বিধি ভঙ্গের অভিযোগের জবাব দিয়েছেন গতকাল। মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জির বিরুদ্ধে দিলীপবাবু অশালীন ব্যবহার করেছেন এবং আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে, তৃণমূল কংগ্রেস কমিশনের দ্বারস্থ হয়। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন ৪৮ ঘন্টার মধ্যে জবাব তলব করে।

********************

আসন্ন লোকসভা নির্বাচনে কংগ্রেস এবং ISF-এর সঙ্গে জোটের সম্ভাবনা খুলে রেখেই বামফ্রন্ট এরাজ্যের দুটি লোকসভা আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে। আরামবাগে CPIM-এর প্রার্থী হচ্ছেন বিপ্লব কুমার মৈত্র। অন্যদিকে, ঝাড়গ্রাম-ST আসনে CPIM-এর সোনামণি মুর্মু টুডু প্রতিদ্বন্দ্বিতা করবেন।

আগামী দু'দিনের মধ্যে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশিত হবে বলে, ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু গতকাল এক সাংবাদিক বৈঠকে জানান।

********************

তৃণমূল কংগ্রেস বরাহনগর ও ভগবানগোলা বিধানসভার উপনির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে। অভিনেত্রী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়কে বরাহনগরে প্রার্থী করা হয়েছে। এই আসনে বিজেপি প্রার্থী করেছে সজল ঘোষকে। মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভার উপনির্বাচনে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হচ্ছেন রেয়াত হোসেন সরকার। এই আসনে বিজেপ প্রার্থী হয়েছেন ভাস্কর সরকার।

********************

কলকাতার শ্যামপুকুর থানা এলাকা থেকে পুলিশ গতকাল এক কেজি ১৬৬ গ্রাম ওজনের সোনার বিস্কুট উদ্ধার করেছে। শোভাবাজার মেট্রো স্টেশনের সামনে জ্যোতিন্দ্রমোহন অ্যাভেনিউতে গতকাল বিকেলে পুলিশের নাকা চেকিং- এর সময়

একটি বোলেরো গাড়ি থেকে ১০টি সোনার বিস্কুট উদ্ধার হয়। এগুলির বাজার মূল্য প্রায় ৮২ লক্ষ টাকা। গাড়িতে থাকা পাঁচ জনকে পুলিশ গ্রেপ্তার করে। ধৃতরা ব্যারাকপুর ও হাবড়ার বাসিন্দা।

আজ তাদের আদালতে তোলা হবে।

অন্যদিকে হাওড়া স্টেশনে গতকাল দুপুরে চেকিং চলার সময় রেল পুলিশ, হিসাব বহির্ভূত ২৭ লক্ষ টাকা সমেত ডাউন রাজধানী এক্সপ্রেসের পাঁচ যাত্রীকে গ্রেপ্তার করে। ধৃতদের মধ্যে একজন ধানবাদ এবং বাকিরা উত্তর প্রদেশের বাসিন্দা। গতকাল তাদের আদালতে তোলা হলে একজনের ১৪ দিনের জেল হেফাজত হয় এবং বাকিরা জামিন পেয়েছে।

*******************

ভোটকর্মীদের বরাদ্দ অর্থ নিয়ে দুর্নীতি বন্ধ করতে ব্যাঙ্ক অ্যাকাউন্টে অর্থ প্রদান, দিব্যাঙ্গদের ভোটের ডিউটি দিয়ে হয়রানি, ট্রেনিং-এ উপস্থিতির প্রামাণ্য তথ্য ভোট কর্মীকে দেওয়া, প্রতিটি বুথে সেন্ট্রাল ফোর্স নিশ্চিত করা সহ একাধিক দাবী নিয়ে শিক্ষানুরাগী ঐক্যমঞ্চ গতকাল নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের পক্ষে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক স্মারকলিপি গ্রহণ করেন।

*******************

রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের পাশাপাশি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগকেও ভোট প্রচারে তুলে ধরতে হবে বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় নির্দেশ দিয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার আমতলায় আজ দলীয় নেতৃত্বের সঙ্গে অভ্যন্তরীণ বৈঠকে তিনি এই

নির্দেশ দেন বলে সূত্রের খবর। বাড়ি বাড়ি প্রচারকেই তিনি বেশি গুরুত্ব দিয়েছেন।

উল্লেখ্য, ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের অন্তর্গত সাতটি বিধানসভা কেন্দ্রকে নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় তিন দিন ধরে বৈঠক করেন।

********************

বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রের ব্যক্তিগত তথ্য সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করে তৃণমূল কংগ্রেস, অপরাধ করেছে বলে মন্তব্য করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, স্বাস্থ্যসাথীর সুবিধা রাজ্যের প্রতিটি মানুষেরই পাওয়ার কথা। তাই রেখা পাত্রের এই সুবিধা পাওয়া নিয়ে প্রশ্ন উঠলে, তৃণমূল কংগ্রেস নেতাদের করোনা ভ্যাকসিন পাওয়া নিয়েও প্রশ্ন উঠবে। এছাড়া, স্বাস্থ্যসাথীর মতো সরকারি প্রকল্পের তথ্য, তৃণমূল কংগ্রেসের কাছে কিভাবে পৌছলো, তা' নিয়েও প্রশ্ন করেন বিজেপির রাজ্য সভাপতি।

********************

লোকসভা নির্বাচন চলাকালীনও সহায়ক মূল্যে ধান সংগ্রহ ও গণবণ্টন ব্যবস্থা সচল রাখতে খাদ্য দফতর উদ্যোগী হয়েছে। এই সংক্রান্ত কাজের সঙ্গে যুক্ত কর্মী আধিকারিকদের ভোট প্রক্রিয়ায় যুক্ত না করার জন্য জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। সম্প্রতি রাজ্যে ধান সংগ্রহের অগ্রগতি পর্যালোচনা করতে খাদ্য দফতরের কর্তারা জেলাগুলির সঙ্গে এক উচ্চপর্যায়ের বৈঠকে বসেন। নির্বাচন পর্বে যাতে রেশন ব্যবস্থায় সঙ্কট তৈরি না হয় তা নিশ্চিত করতে বৈঠকে নির্দেশ দেওয়া হয়। খাদ্যের গুণমান ও ওজনের উপর নজরদারি বৃদ্ধিরও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে চলতি খরিফ মরশুমে এখনও পর্যন্ত প্রায় ৩৯ লক্ষ টন ধান সংগ্রহ করা হয়েছে। খরিফ মরশুমের মেয়াদ অর্থাৎ সেপ্টেম্বর মাস পর্যন্ত ৭০ লক্ষ টন ধানক্রয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

*******************

আই লিগ ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে মহামেডান স্পোর্টিং আজ নৈহাটি স্টেডিয়ামে ইন্টার কাশী-র বিরুদ্ধে খেলবে।

মহামেডান স্পোর্টিং এই মুহূর্তে ২১ ম্যাচে ৪৮ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে। এই ম্যাচে জিতলে কলকাতার দল লিগ খেতাব জয়ের পথে আরো এক ধাপ এগিয়ে যাবে।

*******************

ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে IPL–এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স গতকাল ৭ উইকেটে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুকে হারিয়ে দিয়েছে।

কলকাতা টসে জিতে ব্যাঙ্গালুরুকে প্রথমে ব্যাট করতে পাঠায়। ব্যাঙ্গালুরু নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১৮২ রান তোলে। বিরাট কোহলি ৮৩ রানে অপরাজিত থাকেন। আন্দ্রে রাসেল ও হর্ষিত রানা দুটি করে উইকেট নেন।

জবাবে ব্যাট করতে নেমে কলকাতা ১৬ ওভার ৫ বলে ৩ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। ভেঙ্কটেশ আইয়ার ৫০, সুনীল নারিন ৪৭ রান করেন। অধিনায়ক শ্রেয়স আইয়ার ৩৯ রানে অপরাজিত থাকেন।

*******************

রামকৃষ্ণ মঠ ও মিশনের অন্তর্বর্তীকালীন অধ্যক্ষ হয়েছেন, স্বামী গৌতমানন্দ মহারাজ। স্থায়ী সপ্তদশ অধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত তিনি মঠ ও মিশনের সবরকমের দায়িত্ব সামলাবেন।

উল্লেখ্য, গতবুধবার রামকৃষ্ণ মঠ ও মিশনের ষোড়শ অধ্যক্ষ স্বামী স্মরণানন্দজীর প্রয়াণ ঘটে।

*************************************************************